

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

বেসরকারি কলেজ শাখা

www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০১.২০.৩১

তারিখ: ৯ মাঘ ১৪২৬

২৩ জানুয়ারি ২০২০

বিষয়: সিলেট জেলার বিশ্বনাথ আমজদ উল্লাহ ডিগ্রী কলেজ এর অধ্যক্ষ জনাব মো: নেছার আহমদ কর্তৃক জ্যেষ্ঠতা লঙ্ঘন, প্রভিডেন্ট ফান্ড না খোলা ও হয়রানি করার অভিযোগ।

সিলেট জেলার বিশ্বনাথ আমজদ উল্লাহ ডিগ্রী কলেজের জনাব নাছরিন জাহান, প্রভাষক(অর্থনীতি) এর বিষয়ে মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭০.৭৭.০০১.১৮.৩১৬ তারিখ : ০১/০১/২০২০ মোতাবেক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে।


(ক) সিলেট জেলার বিশ্বনাথ আমজদ উল্লাহ ডিগ্রী কলেজের অধ্যক্ষকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বেসরকারি কলেজ শিক্ষকদের চাকুরীর শর্তাবলী রেগুলেশন(সংশোধিত), ২০১৯ এর ৩১ ধারা অনুসারে নাছরিন জাহানসহ সকল শিক্ষকদের বিধিমোতাবেক ভবিষ্যত তহবিল সংক্রান্ত সুবিধা প্রদান;

(খ) জনাব নাছরিন জাহান, ইনডেক্স নং : ৩০৯০৪৫২, প্রভাষক(অর্থনীতি) কে বিধি মোতাবেক জ্যেষ্ঠতা প্রদান;

(গ) অধ্যক্ষসহ সকল শিক্ষক-শিক্ষিকা এবং কর্মকর্তা-কর্মচারীদের জ্যেষ্ঠতার ক্রমানুসারে ডিজিটাল হাজিরা পদ্ধতির (সফটওয়্যারসহ আনুসংগিক) প্রয়োজনীয় সংশোধন;

(ঘ) অধ্যক্ষ জনাব মো: নেছার আহমদ সরকারি নীতিমালা অমান্য, কলেজ পরিচালনায় অদক্ষতা এবং জ্যেষ্ঠতা লঙ্ঘন করেছেন মর্মে তদন্তে প্রতীয়মান হওয়ায় তাকে এরূপ কাজ হতে বিরত থাকা এবং ভবিষ্যতের জন্য সতর্ক করা।

এমতাবস্থায়, মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করে ৭(সাত) কর্মদিবসের মধ্যে বাস্তবায়নের প্রতিবেদন মাউশিতে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৭-১-২০২০

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক

বিতরণ :

- ১) সভাপতি, গভর্নিং বডি, বিশ্বনাথ আমজদ উল্লাহ ডিগ্রী কলেজ, বিশ্বনাথ, সিলেট
- ২) অধ্যক্ষ, বিশ্বনাথ আমজদ উল্লাহ ডিগ্রী কলেজ, বিশ্বনাথ, সিলেট

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০১.২০.৩১/১(২)

তারিখ: ৯ মাঘ ১৪২৬

২৩ জানুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জনাব নাছরিন জাহান, প্রভাষক(অর্থনীতি), বিশ্বনাথ আমজদ উল্লাহ ডিগ্রী কলেজ, সিলেট
- ২) সংরক্ষণ নথি।

৯৮৫৮

২৭-১-২০২০

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক